

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা),
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০১৪৫.২৫.৪২৬

বিষয়: মেসার্স ফকির ইকো নীট ওয়্যারস লিমিটেড, নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে নিয়মিত শিল্প আইআরসি এর
আমদানি স্বত্ব পরিবর্তনের সুপারিশ প্রসংগে।

সূত্র: আবেদনপত্র নং- ৮৬১, তারিখ: ১৪/০৯/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মেসার্স ফকির ইকো নীট ওয়্যারস লিমিটেড, অফিসঃ ৯০/১, মতিঝিল বা/এ, সিটি সেন্টার, লেভেল-২৮বি, ফ্লোর-২৯, মতিঝিল বা/এ ঢাকা-১০০০ ও কারখানাঃ কায়েমপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ, শিল্প উপ-খাত “তৈরি পোশাক (নীট ও ওভেন)” এর অধীনে ১০০% রপ্তানীমুখী শিল্প হিসাবে নিবন্ধনকৃত একটি কারখানা। যা বস্ত্র অধিদপ্তরের নিবন্ধন নং- পরিঃ/কম্পাঃ/০০০০০৫১৩-২০২০, তারিখঃ ৩০/১১/২০২০ খ্রিঃ। শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিয়মিত ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য বর্তমান নিয়মিত শিল্প আইআরসি নং- ২৬০৩২৬১২০৬১০৯২১ এর আমদানিস্বত্ব বৃদ্ধি করণের সুপারিশের জন্য আবেদন জানালে কারখানাটি এ অধিদপ্তরের একজন ইন্সপেক্টর সরেজমিনে পরিদর্শন করে বিস্তারিত তথ্যাদিসহ একটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন এবং দাখিলকৃত কাগজপত্রাদি অত্র অধিদপ্তর পরীক্ষা নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে জারীকৃত নিয়মিত শিল্প আইআরসিতে নিম্নরূপভাবে আমদানিস্বত্ব পরিবর্তনের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সুপারিশ করা হলো।

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	উপখাত	ষান্মাসিক আমদানিস্বত্বের পরিমাণ		মন্তব্য
		বিদ্যমান	পরিবর্তিত/সংশোধিত	
মেসার্স ফকির ইকো নীট ওয়্যারস লিমিটেড, অফিসঃ ৯০/১, মতিঝিল বা/এ, সিটি সেন্টার, লেভেল-২৮বি, ফ্লোর-২৯, মতিঝিল বা/এ ঢাকা-১০০০ ও কারখানাঃ কায়েমপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ।	“তৈরি পোশাক (নীট ও ওভেন)”	২,৭৫,০০,০০০/- (দুই কোটি পঁচাত্তর লক্ষ) টাকা মাত্র	২৫,০০,০০,০০০/- (পঁচিশ কোটি) টাকা মাত্র	কারখানাটি নতুন মেশিনারীজ স্থাপন করায় উৎপাদন বৃদ্ধি পেয়েছে বিধায় আমদানিস্বত্ব বৃদ্ধির সুপারিশ করা হয়েছে।

কারখানাটি ১০০% রপ্তানীমুখী বিধায় আমদানীযোগ্য কাঁচামালসমূহ (নিষিদ্ধ পণ্য ব্যতিত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে। কারখানাটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২৪ এর বিধি বিধান যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

উল্লেখ্য যে, অত্র সুপারিশপত্রটি উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।



৩০-০৯-২০২৫

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০১৪৫.২৫.৪২৬/১ (৬)

১৫ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ফকির ইকো নীট ওয়্যারস লিমিটেড, অফিসঃ ৯০/১, মতিঝিল বা/এ, সিটি সেন্টার, লেভেল-২৮বি, ফ্লোর-২৯, মতিঝিল বা/এ ঢাকা-১০০০ ও কারখানাঃ কায়েমপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ।
- ৪। ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।
- ৬। ,, অফিস কপি।



৩০-০৯-২০২৫
মোহাম্মদ মানিক খান
সহকারী পরিচালক